

এই তো জীবন লিরিক্স:-

এই তো জীবন
যাক না যেদিকে যেতে চায় প্রাণ,
বেয়ারা, চালাও ফোয়ারা
জিন শেরি শ্যাম্পেন, রাম। (২)

খাও খাও বঁদ হয়ে ডুবে যাও,
দ্যাখো চোখে চোখে সর্ষে ফুল।
কি? সর্ষে ফুল।
করুক মাথা ঝিমঝিম।
লোলা লু লু কেনো তোমার
বয়স হয় না ষোলো,
আমার নাইনটিন? কি?

চলে এসো, এসো বলছি।

যাবো বলে তো আসিনি আজকে
আজ হবেই হবে সর্বনাশ,
স্বর্গ যদি না হয় সখি
হোক না তবে নরক বাস, রাবিশ!
(হে হে স্ক্যান্ডাল চাই বুঝলে
স্ক্যান্ডাল চাই ব্যাক গ্রাউন্ডে
নইলে এই সমাজে পুরুষ বলে পাবে না মান)

খাও খাও বঁদ হয়ে ডুবে যাও,
দ্যাখো চোখে চোখে সর্ষে ফুল,
করুক মাথা ঝিমঝিম।
লোলা লু লু কেনো তোমার
বয়স হয়না ষোলো?
আমার নাইনটিন, ছিঃ

সাহেবরা সব চলে গেছে (গেছে বুঝি ?)
স্বাধীন করে দেশটাকে (সত্যি ?)
আমরা ওদের ছাড়িনি তো
ধরে আছি তবু লেজটাকে, হে হে
(মদ খাচ্ছি, পাট দিচ্ছি
সুট বুট পড়ে ঘুরে বেড়াচ্ছি
টপ টু বটম ওদের মতো সাজিয়ে নিচ্ছি
গোটা সমাজ
মদ্য পানের বিরুদ্ধে যারা
তাদের মাথায় পড়ুক বাজ, হোয়াট? ইয়েস।)

খাও খাও বঁদ হয়ে ডুবে যাও
দ্যাখো চোখে চোখে সর্ষে ফুল
করুক মাথা ঝিমঝিম।
লোলা লু লু কেন তোমার
বয়স হয়না ষোলো,
আমার নাইনটিন?
এই তো জীবন
যাক না যেদিকে যেতে চায় প্রাণ

বেয়ারা, এই চালাও ফোয়ারা
জিন শেরি শ্যাম্পেন রা আ আ ম।